গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা
www.cabinet.gov.bd

বিষয়: সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মাহমুদুল হোসাইন খান, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ১২/০৬/২০২৩, দুপুর ০২:০০ ঘটিকা।
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)।

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে সিআরভিএস-এর বৈশ্বিক লক্ষ্য 'Make Every Life Count' অর্জনে বাংলাদেশে একটি সমন্বিত ও কার্যকর সিআরভিএস ব্যবস্থা গড়ে তোলার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা ১৬.৯ অর্থাৎ ২০৩০ সালের মধ্যে জন্ম নিবন্ধনসহ সকলের জন্য বৈধ পরিচয়পত্র প্রদানের লক্ষ্য বাংলাদেশে সিআরভিএস বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরো জানান যে, বাংলাদেশ সিআরভিএস-এর সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সমন্বয় করা হয় যেখানে বিভিন্ন দপ্তর সংস্থা কর্তৃক সিআরভিএস এর বিভিন্ন উপাদান বাস্তবায়ন করা হয়। সিআরভিএস এর কর্মকান্ড বাস্তবায়নে বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ আরো আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের, উপসচিব সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে, ১৩ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ২৮ মার্চ ২০২৩ তারিখে সদস্যগণ বরাবর প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ জানান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত: ২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির ১৩ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। আলোচ্যসূচি-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

ক্রম:	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন
১।	**সিদ্ধান্ত ৫.১।** এনআইডি সিস্টেম এবং BDRIS সিস্টেম-এর মধ্যে তথ্য আদান প্রদানের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকে "জন্ম সনদ নম্বর" হিসেবে একটি অতিরিক্ত নতুন field সংযোজন করার নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	**৫:১।** রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় হতে গত ২০/০৩/২০২৩ তারিখে মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা কে পত্র প্রেরণ করা হয়েছে। পত্রে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় এবং জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ-এর মাঝে বিদ্যমান সমঝোতা স্মারকে UID এর বিপরীতে জন্ম সনদ নম্বর (BRN) এর একটি নতুন ফিল্ড সংযোজন করার জন্য অনুরোধ করা হয়েছে।

ক্রম:	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন
২।	**সিদ্ধান্ত ৫.২।** এনআইডি সিস্টেম এবং BDRIS সিস্টেমে ইউনিক আইডি আদান প্রদানের নিমিত্ত একটি Application Programming Interface (API) ডেভলাপ-এর কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা দুইটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	**৫.২।** রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ে বর্তমানে একজন Developer এর মাধ্যমে BDRIS এর Development (উন্নয়ন) কাজ চলমান আছে। লোকবলের সংকটের কারণে API ডেভলাপের কাজ করা আপাতত সম্ভব হচ্ছে না। ইউনিসেফ এর নিকট একাধিক Developer চাওয়া হয়েছে। Developer পাওয়া মাত্রই API ডেভলাপ এর কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা হবে। **৫.২।** "NID ডাটাবেইজে BRN সংরক্ষণের উপযোগী করে একটি API ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মকর্তার কার্যালয়ে উক্ত API এর ডকুমেন্ট সরবরাহ করা হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় নতুন API ব্যবহার শুরু করলে এর মাধ্যমে প্রেরিত BRN সংরক্ষণ করা সম্ভব হবে। ইতোপূর্বে মৌখিকভাবে ও e-mail এর মাধ্যমে নতুন API বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়কে জানানো হয়েছে। এক্ষণে, এতদ্‌বিষয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করলে উক্ত API ব্যবহারপূর্বক সফলভাবে UID আদান প্রদানসহ UID এর বিপরীতে ইস্যুকৃত জন্ম সনদ নম্বর NID সিস্টেমে সংরক্ষণ করা সম্ভব হবে। উল্লিখিত বিষয়ে NID উইং তথা নির্বাচন কমিশন প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে সদা প্রস্তুত রয়েছে।
৩।	**সিদ্ধান্ত: ৫.৩।** NID সিস্টেম, BDRIS সিস্টেম, ব্যানবেইস, ডিপিই এবং স্বাস্থ্যের সিস্টেমের মধ্যে ইন্টিগ্রেশন এবং ইন্টারঅপারেবিলিটি স্থাপনসহ সৃষ্ট সমস্যাগুলোর সমাধানের নিমিত্ত একটি স্ট্যান্ডার্ড API তৈরির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের Technical person-দের সমন্বয়ে আগামী ১৫ দিনের মধ্যে সভা করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	**৫.৩।** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিআরভিএস সংক্রান্ত টেকনিক্যাল কমিটির সভা গত ০৫ এপ্রিল ২০২৩ তারিখে আয়োজন করা হয়েছে।
৪।	**সিদ্ধান্ত: ৫.৪** তথ্য ও যোগাযোগ বিভাগ কর্তৃক Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের মাধ্যমে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত "বন্ধন" নামে সফটওয়্যার তৈরি করা হয়েছে বিধায় আইন ও বিচার বিভাগ কর্তৃক যে প্রকল্পটি নেওয়া হচ্ছে সেই প্রকল্প অনুমোদনের সময় বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত সফটওয়্যার তৈরি খাতে বরাদ্দ না রাখার বিষয়ে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	**৫.৪।** বিচার বিভাগ বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত প্রকল্পটির বিষয়ে পরিকল্পনা কমিশন থেকে প্রাপ্ত সুপারিশসমূহ অন্তর্ভুক্ত করে প্রকল্প ডকুমেন্ট অনুমোদনের নিমিত্ত মে ২০২৩ মাসে পরিকল্পনা কমিশনে পুনরায় প্রেরণ করেছে। বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত সফটওয়্যার তৈরি খাতে বরাদ্দ সংশ্লিষ্ট প্রকল্পে রাখা হয়নি মর্মে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি সভায় জানান।

৫।	**সিদ্ধান্ত: ৫.৫।** EPI-এর সিস্টেম থেকে Open-SRP এর মাধ্যমে জন্ম নিবন্ধনের নোটিফিকেশন কার্যক্রম সারাদেশে Scale-Up করার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	**৫.৫।** EPI-এর কার্যক্রম ডিজিটালকরণের নিমিত্ত Open-SRP-এর ব্যবহার ১০টি উপজেলায় পাইলটিং চালু হয়েছে কিন্তু জন্ম নিবন্ধনের নোটিফিকেশন প্রেরণ করা সম্ভব হচ্ছে না।
৬।	**সিদ্ধান্ত: ৫.৬।** আগামী ২০২৪ সাল পর্যন্ত জন্ম নিবন্ধন ফর্মটি টিকা কেন্দ্রসহ সংশ্লিষ্ট সকলের নিকট সহজলভ্য করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	**৫.৬।** জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন ফরম (৩০ লক্ষ জন্ম নিবন্ধন ফরম ও ১০ লক্ষ মৃত্যু নিবন্ধন ফরম) মুদ্রণ ও সরবরাহের জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে গত ০৮/০৩/২০২২ তারিখে উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর-কে পত্র প্রেরণ করা হয়। বর্তমান বৈশ্বিক সংকটের কারণে গত জানুয়ারি ২০২৩ এ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়কে মাত্র দুই লক্ষ জমনি ফরম সরবরাহ করে, যা এ কার্যালয় কর্তৃক ইতোমধ্যে ১৭টি জেলার নিবন্ধকের কার্যালয়ে বিতরণ করা হয়েছে।

০৪। আলোচ্যসূচি-০৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:

এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তা যাচাই এর জন্য রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকটিতে "জন্ম সনদ নম্বর" হিসেবে একটি নতুন ফিল্ড সংযোজন করার লক্ষ্যে এনআইডি-এর প্রেরিত পত্রের আলোকে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় আলোচনা করা হয়।

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে জনবল সংকটের কারণে API ডেভলাপের কাজ করা আপাতত সম্ভব হচ্ছে না মর্মে সভায় জানানো হয়। উক্ত কার্যালয়ের BDRIS-সিস্টেম পরিচালনাসহ অন্যান্য সিস্টেমসমূহের মধ্যে ইন্টারঅপারেবিলিটি স্থাপনের জন্য জরুরিভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক Developer প্রদানের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও নিবন্ধন কর্তৃক ইউনিসেফ-কে অনুরোধ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

Health-CR লিঙ্ক স্থাপন এবং EPI-এর সময় Open-SRP-এর মাধ্যমে কমিউনিটি থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধনের নোটিফিকেশন BDRIS-এ প্রেরণ সংক্রান্ত প্রতিবন্ধকতা দূরীকরণে নিমিত্ত স্বাস্থ্য অধিদপ্তরের টেকনিক্যাল জনবল এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের টেকনিক্যাল জনবল একত্রে বসে উদ্ভূত সমস্যার সমাধান করতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। Health-CR লিঙ্ক-এর মাধ্যেম হাসপাতালে জন্ম ও মৃত্যুর নোটিফিকেশন সংশ্লিষ্ট রেজিস্ট্রার বরাবর প্রেরণের ক্ষেত্রে জিও কোড সংক্রান্ত জটিলতা এড়ানোর জন্য প্রয়োজন হলে বিবিএস-এর প্রতিনিধিকে উক্ত সভায় আমন্ত্রণ করা যেতে পারে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের মাধ্যমে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত "বন্ধন" সফটওয়্যারটি আইন ও বিচার বিভাগ কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে দুই বিভাগের মধ্যে আগামী সপ্তাহে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হবে মর্মে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি জানান। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক তৈরিকৃত খসড়া সমঝোতা স্মারকটি আইন ও বিচার বিভাগ কর্তৃক যাচাইপূর্বক প্রয়োজনীয় সংশোধনসহ উক্ত বিভাগে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ফেরত প্রদান করা হয়েছে ।

গত ৩০ এপ্রিল ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সিআরভিএস সংশ্লিষ্ট সকল দপ্তর সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সিআরভিএস কান্ট্রিকোর্ডিনেটরগণকে বিভিন্ন দপ্তর সংস্থার সঙ্গে প্রয়োজনীয় যোগাযোগ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের পঞ্চম পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ২০ টি নতুন জেলা অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ২০ টি জেলা নির্বাচনে এপ্রিল-জুন কোয়ার্টারের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত রিপোর্টে সর্বনিম্নে অবস্থানকারী দশটি জেলা এবং মধ্যম পর্যায়ে অবস্থানকারী দশটি জেলা নির্বাচনের বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। হাসপাতালে মৃত্যুর কারণ নির্ধারণ সংক্রান্ত MCCOD-কার্যক্রম, কমিউনিটিতে মৃত্যুর কারণ নির্ধারণ সংক্রান্ত Verbal Autopsy (VA)-কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের পরামর্শক্রমে প্রকল্প এলাকা নির্ধারণ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

০৫। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:৫.১। রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকটিতে "জন্ম সনদ নম্বর" হিসেবে একটি নতুন ফিল্ড সংযোজন করার লক্ষ্যে নির্বাচন কমিশন-এর প্রেরিত মতামতের আলোকে পুনরায় পত্র প্রেরণের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত: ৫.২। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের BDRIS-সিস্টেম পরিচালনাসহ অন্যান্য সিস্টেমসমূহের মধ্যে ইন্টারঅপারেবিলিটি স্থাপনের জন্য জরুরিভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক Developer নিয়োগের নিমিত্ত ইউনিসেফ, বাংলাদেশ বরাবর পত্র প্রেরণের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত:৫.৩। Health-CR লিঙ্ক স্থাপন এবং EPI-এর সময় Open-SRP-এর মাধ্যমে কমিউনিটি থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধনের নোটিফিকেশন BDRIS-এ প্রেরণ সংক্রান্ত প্রতিবন্ধকতা দূরীকরণে নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের টেকনিক্যাল জনবল, স্বাস্থ্য অধিদপ্তর টেকনিক্যাল জনবল এবং বিবিএস-এর প্রতিনিধির সমন্বয়ে সভা করে আগামী এক মাসের মধ্যে সমাধান করার লক্ষ্যে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত:৫.৪। বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত "বন্ধন" সফটওয়্যারটি আইন ও বিচার বিভাগ কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে প্রস্তাবিত সমঝোতা স্মারকটি দ্রুত স্বাক্ষরের বিষয়ে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত:৫.৫। সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সিআরভিএস সংশ্লিষ্ট সকল দপ্তর সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং আগস্ট ২০২৩ মাসের মধ্যে উক্ত সভার বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদে প্রেরণ নিশ্চিত করবে। উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সিআরভিএস কান্ট্রিকোর্ডিনেটরগণ বিভিন্ন দপ্তর সংস্থার সঙ্গে প্রয়োজনীয় যোগাযোগ করবেন।

সিদ্ধান্ত: ৫.৬। সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের পঞ্চম পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য এপ্রিল-জুন কোয়ার্টারের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত রিপোর্টে সর্বনিম্নে অবস্থানকারী দশটি জেলা এবং মধ্যম পর্যায়ের দশটি জেলাসহ মোট বিশটি জেলা প্রকল্প এলাকা হিসাবে অন্তর্ভুক্ত করা হবে। হাসপাতালে মৃত্যুর কারণ নির্ধারণ সংক্রান্ত MCCOD-কার্যক্রম, কমিউনিটিতে মৃত্যুর কারণ নির্ধারণ সংক্রান্ত Verbal Autopsy (VA)-কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে পরামর্শক্রমে এলাকা নির্ধারণ করা হবে।

০৬। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২২/৬/২০১৭

মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ